



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

স্মারক নং- বশিবো/কলেজ/অনু/২০১৬/ ৬৬০৭

তারিখ: ১১/০৭/২০১৬খ্রি.

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের নিবন্ধন প্রিন্ট আউট সংশোধন ও অন্যান্য প্রসঙ্গ

অত্র বোর্ডের আওতাধীন কলেজসমূহকে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত বিষয়গুলো যথাযথভাবে পালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ০১। ক) শিক্ষা মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করে ভর্তি বাতিল ও ছাড়পত্র বিষয়ে বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েব সাইটে অনুমোদিত ফর্মে আবেদন করতে হবে
- খ) জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এর বিজ্ঞপ্তি নং ১৩২ তারিখ ০৪/০৬/২০১৪ প্রদেয় প্রজ্ঞাপন অনুযায়ী নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করতে হবে
- ১) সকল বিষয়ে দুইপত্র থাকবে এবং পূর্ণ নম্বর হবে ২০০ (উল্লেখ্য, উচ্চমাধ্যমিক ১ম বর্ষ ও ২য় বর্ষে একাদিক্রমে সকল বিষয়ের ১ম পত্র ও ২য় পত্র পাঠদান করাতে হবে)
- ২) শুধুমাত্র তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে একটি পত্র থাকবে এবং পূর্ণ নম্বর হবে ১০০
- ৩) সকল বিষয়ে সাপ্তাহিক পিরিয়ড ৫টি
- ৪) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের সাপ্তাহিক পিরিয়ড ৩টি
- ৫) প্রতিটি পিরিয়ডের ব্যাপ্তি হবে ৬০ মিনিট
- ৬) প্রতি শিক্ষার্থীর ৭৫% ক্লাসে উপস্থিত থাকবে হবে এবং তা অধ্যক্ষ নিশ্চিত করবেন
- ৭) প্রত্যেক শিক্ষককে সপ্তাহে ২৪টি ক্লাসে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- গ) প্রতিটি ক্লাসের সময়সীমা ৬০ মিনিট- এ সংক্রান্ত ক্লাস রটিন সম্পাদন করে বোর্ড কর্তৃপক্ষকে অবহিত করতে হবে
- ঘ) বাংলা ১ম পত্রের পরিবর্তিত সিলেবাস (এনসিটিবি কর্তৃক প্রদত্ত ১৩/০৮/২০১৪) মোতাবেক পাঠদান করাতে হবে
- ০২। ক) ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের প্রিন্ট আউট সংশোধন ২০/০৭/২০১৬ থেকে ১০/০৮/২০১৬ তারিখের মধ্যে প্যানেল খোলা থাকা সাপেক্ষে শিক্ষাবোর্ডের ওয়েব পেইজ থেকে শিক্ষার্থীদের তালিকা ডাউনলোড করে একই সাথে সংশোধন করতে হবে। আরও উল্লেখ থাকে যে, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের বিষয়/শাখা পরিবর্তনের আবেদন করে যারা এখনও পরিবর্তিত বিষয়সমূহ বোর্ডের ওয়েব সাইটে দেখছেন না, তারা প্রিন্ট কপির উপর লাল কালি দ্বারা সংশোধন করে উল্লিখিত তারিখের মধ্যে কলেজ পরিদর্শকের দপ্তরে তাদের বিষয়/শাখা পরিবর্তনের ফি জমা দেয়ার প্রমাণপত্রসহ দাখিল করতে হবে।
- খ) কেবল মাত্র বিশেষ ভর্তি, বিষয় ও শাখা সংশোধন করা যাবে (প্রমাণপত্র থাকা সাপেক্ষে)
- গ) সংশোধন অবশ্যই লাল রঙের কালি দিয়ে হতে হবে
- ঘ) সংশোধিত দু'টি কপি বোর্ডে জমা দিতে হবে
- ০৩। এখন থেকে শিক্ষাবোর্ডের সকল আদেশ/বিজ্ঞপ্তি/বিভিন্ন চিঠিপত্র স্ব স্ব কলেজের ইন্টারেক্টিভ ওয়েবসাইট/অন-লাইন থেকে ডাউন লোড করতে হবে


১১-০৭-২০১৬

ড. মো: লিয়াকত হোসেন (৯৫১১)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

অধ্যক্ষ

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল কলেজসমূহ

অনুলিপি:

- ২। সিস্টেম এ্যানালিস্ট(ভারপ্রাপ্ত), বশিবো
৩। পিএস টু চেয়ারম্যান, বশিবো
৪। সংরক্ষণ নথি